খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টার (এপ্রিল- জুন/ ২০২৩) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি,পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ২২ মে, ২০২৩। |
| সময় | : | বেলা১১:০০ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-**'ক'**। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কেডিএ'র ২০২২-২০২৩অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী ৪র্থকোয়ার্টার (এপ্রিল- জুন/ ২০২৩) সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।
আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২২-২০২৩অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত ৪র্থ কোয়ার্টার (এপ্রিল- জুন/ ২০২৩)কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/২৩)সভার সিদ্ধান্ত সমূহের ক্রমিক নং-২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১ ও ১২ বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | স্টেক হোল্ডারগণের সাথে সভা। | ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১.৩ এর বিষয়ে সভায় আলোচনা কালে সভাপতি মহোদয় সভাকে জানান যে, ইতোমধ্যে বৃহত্তর খুলনা উন্নয়ন সংগ্রাম পরিষদের সাথে সভা , এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর সাথে সভা, অথরাইজড শাখা কর্তৃক নকশা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত স্থপতি ও নকশা গ্রহণকারীদের সাথে সভা, বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাথে অনুষ্ঠিত সভার এবং কোরিয়ান স্মার্ট সিটি অব বাংলাদেশ এর সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভা সমূহের কার্যবিবরণী ও সভার হাজিরা এবং ছবি অবিলম্বে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন । | সিনিয়র বৈষয়িক অফিসার ,অথরাইজড অফিসার, পরিকল্পনা অফিসার ও সহকারী প্রোগ্রামার |
| ৩. | কর্ম-পরিবেশউন্নয়ন। (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথিবিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতাবৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করাইত্যাদি) | ইতোমধ্যে অকেজো মালামাল নিষ্পত্তি, পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি , মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের ব্যবস্থা করা হয়েছে। উপরন্তু কর্ম-পরিবেশ উন্নয়নে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষে আগত সেবা প্রত্যাশীদের কেডিএ'র ওয়ান স্টপ সার্ভিস সেন্টারের মাধ্যমে দ্রুততার সাথে সর্বোত্তম সেবা/তথ্য প্রদানের নিমিত্তে উহা আধুনিকায়ন করা হয়েছে । এখন থেকে বৈষয়িক শাখা, অথরাইজড শাখা ও পরিকল্পনা শাখায় আগত সেবা প্রত্যাশীদের কাংক্ষিত সেবা উন্নত ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো । | সিনিয়র বৈষয়িক অফিসার ,অথরাইজড অফিসার, পরিকল্পনা অফিসার ও সহকারী পরিচালক ( প্রশাসন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার। | নগর পরিকল্পনা, ভূমি ব্যবহার ও ইমারত নির্মাণ সংশ্লিষ্ট আইনকানুন বিধিবিধান অনুযায়ী সেবা প্রদান ও জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে টিভিস্ক্রল, লিফলেট,বিজ্ঞাপন, প্যানাসাইন ইত্যাদির মাধ্যমে কেডিএ'র চলমান প্রচারনামূলক পদক্ষেপসমূহ এবং অফিসে সদ্য স্থাপিত কিয়স্কির দ্বারা সেবা প্রত্যাশীদের কাংক্ষিত তথ্য জানা সহজতর হয়েছে। এ বিষয়গুলি প্রমাণক সহকারে অগ্রগতি প্রতিবেদনে সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো | সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার, পরিকল্পনা অফিসার ও সহকারি পরিচালক ( প্রশাসন) |
| ৫. | অগ্রগতি প্রতিবেদন দাখিল। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রতি কোয়ার্টার সমাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। উক্ত অগ্রগতি প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ যথাসময়ে (কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে) নৈতিকতা কমিটির নিকট প্রেরণ না করায় অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ বিঘ্নিত হয় এবং প্রাসঙ্গিক ও বস্তুনিষ্ঠ প্রমাণক না থাকার দরুন নম্বর কম পাওয়া যায়। ফলে কেডিএ'র ভাবমূর্তি ক্ষুন্ন হয়।এখন থেকে প্রতিটি কার্যক্রমের বিপরীতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/শাখা প্রধানগন কর্তৃক কোয়ার্টার সমাপ্তির পরদিনই উপযুক্ত প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে পূর্ব হতেই পদক্ষেপ গ্রহন করতে হবে মর্মে সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন। | প্রকল্প পরিচালকবৃন্দ ও সকল শাখা প্রধান |

সর্বোপরি সভাপতি আসন্ন জুন ক্লোজিং যথাসময়ে সম্পাদন করার তাগিদ দিয়ে APP বাস্তবায়ন ও বাজেট ব্যবস্থাপনার ঘাটতি যাহাতে না হয় সেদিকে সবার দৃষ্টি আকর্ষণ করেন এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের প্রতি গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৬/২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা ।

## ২২/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার হাজিরা

স্থানঃ কেডিএ সম্মেলন কক্ষ

সময়ঃ ১১.০০ মিঃ

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ<br>সদস্য (এস্টেট), কেডিএ , খুলনা ও সদস্য ,নৈতিকতা কমিটি | | 01711-318826 |
| ০২। | সচিব, কেডিএ , খুলনা ও<br>সদস্য ,নৈতিকতা কমিটি | | 01712591269 |
| ০৩। | জনাব শামীম জেহাদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( অঃ দাঃ), কেডিএ, খুলনা ও<br>সদস্য ,নৈতিকতা কমিটি | | [illegible] |
| ০৪। | জনাব এম এম হোসেন আলী<br>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার , কেডিএ, খুলনা ও<br>সদস্য ,নৈতিকতা কমিটি | | ০১৭১৮৭৮২৯২৮ |
| ০৫। | জনাব মোঃ মামুনুল আবেদীন,<br>উপ-পরিচালক ( বাজেট ও নিরীক্ষা ) , কেডিএ, খুলনা<br>এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | | ০১৭১১৬০৮৫৭২ |
| ০৬। | জনাব মোরতোজা আল মামুন<br>নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) ( অঃ দাঃ), কেডিএ , ও<br>খুলনা সদস্য ,নৈতিকতা কমিটি | | |
| ০৭। | জনাব মুনতাসির মামুন.<br>নির্বাহী প্রকৌশলী ( রঃবেঃ)( চঃ দাঃ)কেডিএ , খুলনা<br>ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ,নৈতিকতা কমিটি | | 01818407917 |
| ০৮। | জনাব মোঃ নাজমুল হুদা<br>সহকারী পরিচালক( প্রশাসন) , কেডিএ , খুলনা ও<br>সদস্য ,নৈতিকতা কমিটি | | 01918-610898 |